হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৭ ঃ মেহেরপুর-বুধবার ১৬ জুলাই ২০২৫ ইং ঃ ১ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



এবার খলনায়িকার চরিত্রে দেখা যাবে অপরাজিতাকে -পৃষ্ঠা-৩

## মেহেরপুর সীমান্তে মাদকের রমরমা ব্যবসা

### প্রতিদিন অভিযান, ধরা পড়ে বাহক, অধরা গডফাদার



নিজস্ব প্রতিবেদক

ভারতীয় সীমান্তঘেঁষা মেহেরপুর জেলা এখন দেশের অন্যতম বড় মাদক প্রবেশপথে রূপ নিয়েছে। সীমান্তবর্তী মুজিবনগর, গাংনী ও সদর উপজেলার অসংখ্য গোপন চোরাপথে প্রতিদিনই ঢুকছে ফেনসিডিল, হেরোইন, গাঁজা, ইয়াবা ও ট্যাবলেটজাত নেশাদ্রব্য। বিজিবি, পুলিশ, র‍্যাব ও সেনাবাহিনী নিয়মিত অভিযান চালালেও বন্ধ হচ্ছে না এই অবৈধ প্রবাহ।

সরকারি তথ্য বলছে, চলতি বছরের প্রথম ছয় মাসে জেলার বিভিন্ন স্থানে ২১০টি অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয়েছে ৪৩০ জনকে। তবে স্থানীয়দের অভিযোগ, একাধিক প্রভাবশালী রাজনৈতিক নেতার ছত্রছায়ায় রয়ে যাচ্ছে মূল গডফাদাররা। সীমান্তবর্তী এলাকার বাসিন্দারা জানান, প্রতিদিন সন্ধ্যার পর

২-এর পৃষ্ঠা দেখুন





## ‘মব’ সাজাতেই মিটফোর্ড গেটে সোহাগের নিথর দেহ টেনে এনে উল্লাস করে খুনিরা

সূর্যোদয় প্রতিবেদন

ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে প্রকাশ্যে, পরিকল্পিতভাবে টেনে এনে হত্যা করে একদল সন্ত্রাসী। শুধু তাই নয়, মরদেহ টেনেহিঁচড়ে হাসপাতালের গেটের সামনে এনে উল্লাসে মেতে উঠে তারাড় একটি হত্যাকে তারা বানাতে চেয়েছিল ‘মব লিঞ্চিং’। ঘটনাটি দেশের নাগরিক সমাজ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে এক জটিল সামাজিক বার্তা রেখে গেছে। ঢাকার প্রাণকেন্দ্র পুরান ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও হাসপাতাল (মিটফোর্ড)-এর তিন নম্বর গেট। চারপাশে শত শত মানুষ, রিকশা, রোগীর স্বজন, দোকানদার, অ্যাম্বুলেন্স চালক। আর ঠিক এই জনবহুল স্থানেই ৯ জুলাই বিকেলে ঘটেছে এমন এক নৃশংস হত্যাকাণ্ড, যা নতুন করে প্রশ্ন তোলে ‘পুরান ঢাকার নিয়ন্ত্রণ কার হাতে?’

পুলিশি তদন্ত ও সরেজমিনে খোঁজ নিয়ে জানা গেছে, সোহাগ ও মাহমুদুল হাসান মহিনের মধ্যে ছিল ঘনিষ্ঠতা ও লেনদেনের সম্পর্ক। তবে সেই সম্পর্কের ছেদ ঘটে চলতি বছরের জুনে, যখন মহিন একটি ‘ফিক্সড’ চাঁদা দাবি করে। এ নিয়ে তর্কাতর্কি, এমনকি হাতাহাতির মতো ঘটনাও ঘটে। ৭ জুলাই তাদের

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কর্মসূচি অনুযায়ী বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর স্বোচ্ছাসেবক দল। সারাদেশে প্রশাসনের নির্লিপ্ততায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও রাজনৈতিক ষড়যন্ত্রের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে এ


২-এর পৃষ্ঠা দেখুন

## ইসির প্রাথমিক বাছাইয়ে ১৪৪টি নতুন রাজনৈতিক দল ফেল

সূর্যোদয় প্রতিবেদন

নিবন্ধনের জন্য আবেদন করা ১৪৪টি নতুন রাজনৈতিক দল নির্বাচন কমিশনের (ইসি) প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ হয়নি। বিভিন্ন ত্রুটি ও অসঙ্গতির কারণে এসব দলের আবেদন গ্রহণযোগ্য হয়নি। এসব ত্রুটি সংশোধনের জন্য সংশ্লিষ্ট দলগুলোকে ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে ইসি চিঠি পাঠাবে। ইসির অতিরিক্ত সচিব কেএম আলী নেওয়াজ বলেন, প্রথম ধাপে ৬২টি দলকে ত্রুটি সংশোধনের জন্য চিঠি দেওয়া হবে, পরে বাকি দলগুলোকেও একইভাবে চিঠি পাঠানো হবে।

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে পিস্তল ও গুলি উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে সেনাবাহিনীর অভিযানে একটি পিস্তল ও ৩৮ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার(১৫ জুলাই) ভোরে উপজেলার শিবপুর মাঠপাড়ায় এ অভিযান পরিচালিত হয়।

গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনীর একটি দল অভিযান চালায়। অভিযানে জানা যায়, শিবপুর মাঠপাড়ার জাকির গাইনের ছেলে আলম হোসেন (৩৮) নিজ বাড়িতে অবৈধ অস্ত্রসহ অবস্থান করছিল।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে দুই মাদক কারবারিকে ১০ বছর সশ্রম কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা মামলায় আবুল কালাম আজাদ (৪০) ও মেহের আলী (৫০) নামে দুই মাদক ব্যবসায়ীকে ১০ বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন। এছাড়াও প্রত্যেককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। জরিমানার টাকা অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

মঙ্গলবার (১৫ জুলাই) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ নাসিম

২-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই গণঅভ্যুত্থান স্মরণে সম্মাননা ও আলোচনা সভা মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে

মেহেরপুর প্রতিনিধি

জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে আলোচনা সভা ও আহত যোদ্ধাদের সংবর্ধনার মধ্য দিয়ে ‘জুলাই স্মরণ’ অনুষ্ঠান পালন করেছে মেহেরপুর বিশ্ববিদ্যালয়।

মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপাচার্যের একান্ত সচিব ড.

২-এর পৃষ্ঠা দেখুন



## টানা বৃষ্টিতে ব্যস্ত ছাতার কারিগররা

বামন্দী প্রতিনিধি

ঋতুচক্রে এখন আষাঢ়, বর্ষাকালের শুরু। আকাশে মেঘ, কখনো গুঁড়ি গুঁড়ি, কখনো বা মুষলধারে বৃষ্টি। একটানা এক সপ্তাহের বেশি সময় ধরে মেহেরপুরসহ দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি হচ্ছে। এই বর্ষায় জনজীবনে যেমন দুর্ভোগ নেমে এসেছে, তেমনি কর্মব্যস্ত হয়ে উঠেছেন ছাতা মেরামতের কারিগররা।

বর্ষাকালে ছাতা প্রয়োজনীয় একটি অনুষঙ্গ। নতুন ছাতার পাশাপাশি পুরোনো ছাতা মেরামতের চাহিদা বেড়ে গেছে কয়েকগুণ। ফলে শহর,

২-এর পৃষ্ঠা দেখুন

## ইয়েমেনে ভারতীয় নার্সের মৃত্যুদণ্ড একদিন ২৪ ঘণ্টা পেছাল

সূর্যোদয় প্রতিবেদন

যুদ্ধবিধ্বস্ত ইয়েমেনে স্থানীয় নাগরিককে হত্যার দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ভারতীয় নার্স নিমিশা প্রিয়ার ফাঁসি ভারতের অনুরোধে ২৪ ঘণ্টার জন্য স্থগিত করা হয়েছে। বুধবার (১৬ জুলাই) তার দণ্ড কার্যকরের কথা থাকলেও, মাহদি পরিবারের সাময়িক সম্মতিতে এখন তা ১৭ জুলাই কার্যকর হতে পারে, যদি না এর আগেই শেষ মুহূর্তে কোনো আইনি বা মানবিক সমঝোতায় পৌঁছানো যায়। ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট আইনজীবীরা বিষয়টিকে “অত্যন্ত জটিল এবং স্পর্শকাতর” বলে অভিহিত

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলা, হিজুলী কেন্দ্রীয় জামে মসজিদ প্রাঙ্গণে বাংলাদেশ জামায়াতে ইসলামী’র উদ্যোগে সম্প্রতি এক নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দলের সাংগঠনিক কার্যক্রম জোরদার ও ঐক্যবদ্ধভাবে কাজ করার লক্ষ্যে আয়োজিত এ সভায় এলাকার নানা শ্রেণি-পেশার নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-০১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমীর

২-এর পৃষ্ঠা দেখুন

## ৩০-এর নিচে অলআউট লজ্জাজনক -ক্যারিবীয় অধিনায়ক

সূর্যোদয় প্রতিবেদন

টেস্ট ইতিহাসের দ্বিতীয় সর্বনিম্ন দলীয় সংগ্রহের লজ্জায় ডুবল ওয়েস্ট ইন্ডিজ। অস্ট্রেলিয়ার বিপক্ষে কিংস্টন টেস্টে ২০৪ রানের লক্ষ্য তাড়া করতে গিয়ে মাত্র ২৭ রানেই অলআউট হয় স্বাগতিকরা। ম্যাচ শেষে হতাশা প্রকাশ করেছেন দলের অধিনায়ক রস্টন চেজ। এই হারকে তিনি ‘হৃদয়বিদারক’ বলে উল্লেখ করেন। চেজ বলেন, “এটা খুব হতাশাজনক। আমরা বারবার এমন জায়গায় যাচ্ছি যেখানে জয়ের সুযোগ থাকে। কিন্তু শেষ ইনিংসে ব্যাটিংয়ে আমরা যেন হাল ছেড়ে দিচ্ছি, লড়াই করতে পারছি না। এটা খুবই হৃদয়বিদারক, কারণ আমার মনে হয় আমরা তিনটি টেস্টেই একই কাজ করেছি। এবং ভুলগুলো

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শিক্ষা, ক্রীড়া ও স্বাস্থ্য উপকরণ বিতরণ

মেহেরপুর প্রতিনিধি

ভিএসও বাংলাদেশ-এর সহযোগিতায় মেহেরপুর জেলা যুব ফোরামের উদ্যোগে সদর উপজেলার উজলপুর মাধ্যমিক বিদ্যালয় ও উজলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা, ক্রীড়া ও স্বাস্থ্য উপকরণ বিতরণ করা হয়েছে।

উপকরণ বিতরণ উপলক্ষে বিদ্যালয় দুটির মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুব ফোরামের সভাপতি মোছাঃ হাফিজা খাতুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম এবং

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**(খবরঃ বেনজিরের সম্পদ ক্রোক)**

চাকরি করতে সরকারি
বেতন তোমার কত
কোটি কোটি টাকার সম্পদ
অবৈধ পথে অর্জন করেছে
যত?।
যাতা কলে পড়েছ তুমি
ঘাড়ের উপর দুদক,
ভোগ বিলাসী করেছো যত
দিয়েছো তুমি লাল পানিতে
চুমুক।
দেশ-বিদেশে অর্থ যত
সব রেখেছো ঠিক,
সরকার বাহাদুর ধরেছে
চেপে
ব্যাংক করেছে ফ্রিজ।

## আতিফ তাহশিন এসএসসিতে মেহেরপুর জেলার দ্বিতীয় মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের গর্বিত মুখ

নিজস্ব প্রতিবেদক



সফলতার গল্প কেবল নম্বরের হিসাব নয় তা হয়ে ওঠে প্রেরণার আলোকবর্তিকা। এমনই এক অনুপ্রেরণামূলক ছাত্র মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের ছাত্র আতিফ তাহশিন। সদ্য প্রকাশিত এসএসসি পরীক্ষায় ১২৪৫ নম্বর পেয়ে সে জিপিএ-৫ সহ মেহেরপুর জেলার মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে।

অসামান্য এই কৃতিত্ব শুধু আতিফের নয় এটি তার পরিবার, শিক্ষক এবং স্কুলের সম্মিলিত সাফল্য। আতিফ মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় থেকে এবার এসএসসি পরীক্ষা দিয়েছিলো। তার বাবা আতিয়ার রহমান হীরা ও মা কনক চাঁপার পরিশ্রম ও প্রেরণাই তাকে এমন উচ্চতায় নিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## সাংবাদিকদের উপর হামলা ইবিতে প্রতিবাদ-প্রতিক্রিয়া

কুস্টিয়া প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সাংবাদিক শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের গঠিত তদন্ত কমিটির প্রতি সন্দেহ ও শঙ্কা প্রকাশ করেছেন শিক্ষার্থীরা ও শিক্ষক সমাজের একটি অংশ।

২-এর পৃষ্ঠা দেখুন

## সব বোয়িং বিমানের জ্বালানি সুইচ পরীক্ষার নির্দেশ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের আকাশে উড়ছে সতর্কতার সিগনাল। ২৬০ প্রাণ কেড়ে নেওয়া লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার একটি ফ্লাইট দুর্ঘটনার তদন্তের পরিপ্রেক্ষিতে, দেশের সব বোয়িং বিমানকে বাধ্যতামূলক জ্বালানি সুইচ পরীক্ষা করার নির্দেশ দিয়েছে ডিরেক্টর জেনারেল অব সিভিল এভিয়েশন (ডিজিসিএ)। এই সিদ্ধান্ত ঘোষণার মাধ্যমে বোঝা যাচ্ছে দায় চাপানো নয়, বরং নিরাপত্তার ঘাটতি খুঁজে বের করাই এখন মূল লক্ষ্য। ২১ জুলাইয়ের মধ্যে এই পরীক্ষা শেষ করতে হবে বলে জানিয়ে দেয়া হয়েছে সংশ্লিষ্ট সব

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ পালনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ প্রতিনিধি

‘অভয়াশ্রম গড়ে তুলি দেশি মাছে দেশ ভরি’ প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে জাতীয় মৎস সপ্তাহ পালনের লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় মৎস সপ্তাহ বাস্তবায়ন ২০২৫ জেলা কমিটি এই সভার আয়োজন করে। আগামী ২২ জুলাই থেকে ২৮ জুলাই সপ্তাহব্যাপী

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ১ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ১৬ জুলাই ২০২৫ইং

# মেহেরপুরে জামায়াতে ইসলামের নির্বাচনী গণসংযোগ তুঙ্গে

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় সংসদ নির্বাচনের আগে মেহেরপুর জেলায় জামায়াতে ইসলামীর নির্বাচনী গণসংযোগ এখণ তুঙ্গে। জেলা ও উপজেলার প্রতিটি কোণায় দলীয় নেতা-কর্মীরা জনসাধারণের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করে ভোটারদের হৃদয়ে বিশ্বাস ও ভালোবাসা গড়ে তুলতে কাজ করছেন। এই প্রচেষ্টার ফলে জনমনে উত্তেজনা ও আশা-আকাঙ্খার সুর প্রবল হচ্ছে।

মেহেরপুর-১ আসনের জন্য জামায়াতে ইসলামের প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান নির্বাচনী এলাকায় ব্যাপক গণসংযোগের মাধ্যমে গ্রাম থেকে শুরু করে শহরের প্রত্যন্ত এলাকায় পথসভা, দরবার ও মতবিনিময় সভা করছেন। তিনি ব্যক্তিগতভাবে জনগণের সঙ্গে আলাপ-আলোচনা করে তাদের সমস্যা ও দাবি শোনেন এবং নির্বাচিত হলে তা বাস্তবায়নে আন্তরিকতার সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি দেন। বিশেষ করে শিক্ষার উন্নয়ন, স্বাস্থ্যসেবার প্রসার, সড়ক ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত করাই তাঁর অন্যতম অঙ্গীকার। মেহেরপুর-১ আসনে মোট ভোটার সংখ্যা প্রায় ৩ লক্ষাধিক। এখানে প্রধানত জামায়াতে ইসলামীর পাশাপাশি বাংলাদেশের অন্যান্য প্রধান রাজনৈতিক দলগুলোও প্রার্থী উপস্থাপন করেছে। অন্যান্য দলগুলোও সক্রিয়ভাবে তাদের নির্বাচনী প্রচারণা চালাচ্ছে। তবে গত নির্বাচনের তুলনায় এবার জামায়াতে ইসলামীর গণসংযোগ ও জনসম্পৃক্ততা বিশেষভাবে লক্ষ্যণীয়। জেলা নির্বাচন কর্মকর্তার তথ্য অনুযায়ী, মেহেরপুর-১ আসনে মোট ৫টি ইউনিয়ন এবং ১টি পৌরসভা অন্তর্ভুক্ত। জনসংখ্যার মধ্যে তরুণ ভোটারের সংখ্যা তুলনামূলক বেশি, যারা পরিবর্তন ও উন্নয়নের প্রত্যাশায় আছে। এই প্রেক্ষাপটে জামায়াতে ইসলামীর তরুণ সমাজের সক্রিয়তা দলকে অনেকাংশে এগিয়ে রেখেছে। মেহেরপুরের ভোটাররা আজকাল উন্নয়নমুখী ও নির্ভরযোগ্য নেতৃত্বের পক্ষে ভোট দিতে আগ্রহী। তারা চান এমন প্রতিনিধিত্ব যা দীর্ঘমেয়াদি উন্নয়নে কাজ করবে, সুশাসন প্রতিষ্ঠা করবে এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত করবে। এলাকার জনগণ জোর দিয়ে বলছেন, শুধুমাত্র নির্বাচনী সময় নয়, নির্বাচন পরবর্তী বাস্তব কর্মকাণ্ডেই তাদের বিশ্বাস অর্জন করা যাবে।

সম্প্রতি জামায়াতে ইসলামীর তরুণ-যুবকদের অংশগ্রহণ ফিলিস্তিনে গণহত্যার প্রতিবাদ মিছিল ও শান্তি সমাবেশে



# বর্ষাকালে নিজেকে সুস্থ রাখতে যা করবেন

সূর্যোদয় প্রতিবেদন

বর্ষাকাল মানেই একদিকে যেমন মন ভাল করা বৃষ্টি, অন্যদিকে তেমনি নানা ধরনের স্বাস্থ্য সমস্যা। আবহাওয়ার পরিবর্তনের সঙ্গে সঙ্গে ভাইরাল জ্বর, সর্দি-কাশি, ঠাণ্ডা লাগা, ডায়েরিয়া, চর্মরোগ বা ডেঙ্গু-ম্যালেরিয়ার মতো সমস্যার ঝুঁকি অনেক বেড়ে যায়। তাই এই সময় সতর্ক থাকাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। বৃষ্টিতে ভিজলে কী করবেন? বর্ষায় চেষ্টা করুন ভিজে যাওয়ার থেকে যতটা সম্ভব বিরত থাকতে। তবে যদি ভিজে যান বাড়ি ফিরে হালকা গরম পানি দিয়ে গোসল করে নিন। অফিস বা স্কুলে থাকলে ভিজা পোশাকে না থেকে সঙ্গে রাখা অতিরিক্ত কাপড় পরুন। মাথা ভিজলে ভালোভাবে মুছে শুকিয়ে নিন, নাহলে ঠাণ্ডা লাগার আশঙ্কা বাড়ে। খাওয়ার পানি ও পেটের সমস্যা : বর্ষাকালে পানিবাহিত রোগের ঝুঁকি সবচেয়ে বেশি। বাইরে খোলা বা অপরিচ্ছন্ন পানি কখনো পান করবেন না। নিজের সঙ্গে খাবার পানি রাখুন। দূষিত পানি পানে ডায়রিয়া, টাইফয়েডের মতো রোগ হতে পারে। মশার উপদ্রব থেকে সাবধান : বর্ষায় জমে থাকা পানিতে মশা জন্মায় বেশি। ফলে ডেঙ্গু, ম্যালেরিয়ার মতো রোগ ছড়ায় সহজে। বাড়ির আশেপাশে কোথাও পানি জমতে দেবেন না। মশারি টাঙিয়ে ঘুমানো



# বিশ্বব্যাংক ৩ বছরে বাংলাদেশকে ৯ বিলিয়ন ডলার অর্থায়নের প্রতিশ্রুতি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী তিন বছর বাংলাদেশকে বছরে তিন বিলিয়ন ডলার করে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে বিশ্বব্যাংক। সোমবার রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে এই ঘোষণা দেন বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়ার নবনিযুক্ত ভাইস প্রেসিডেন্ট জোহানেস জুট। এ সময় ভুটানের নতুন বিভাগীয়

## ভারত-চীন সম্পর্ক স্বাভাবিক হলে উপকৃত হবে উভয় দেশ- জয়শঙ্কর

সূর্যোদয় প্রতিবেদন

ভারত ও চীনের মধ্যে সম্পর্ক স্বাভাবিক হয়ে উঠলে দু'দেশেরই বহুমুখী উপকার হবে বলে মন্তব্য করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর। চীনের রাজধানী বেইজিংয়ে উপ-রাষ্ট্রপতি হান ঝেংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক শেষে তিনি এ কথা বলেন। সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এসসিও)-এর পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে অংশ নিতে তিনি বর্তমানে চীন সফর করছেন। পাঁচ বছর আগে লাদাখের গালওয়ান উপত্যকায় রক্তক্ষয়ী সীমান্ত সংঘর্ষের পর এটাই তার প্রথম বেইজিং সফর। বৈঠকে জয়শঙ্কর বলেন, "গত অক্টোবরে কাজানে প্রধানমন্ত্রী

# তারেক রহমানের বিরুদ্ধে স্লোগান বিএনপির ভবিষ্যৎ কোন পথে?

সূর্যোদয় প্রতিবেদন



রাজধানী ঢাকা থেকে শুরু করে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও জেলা শহরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে অস্বস্তিকর স্লোগান ও প্রতিবাদের ঘটনা এখন আর বিচ্ছিন্ন কিছু নয়। ইসলামপন্থি দল, সাবেক শরিক দল, বিএনপির তরুণ কর্মী এমনকি কিছু ছাত্রসংগঠন পর্যন্ত এ ধরনের স্লোগান দিচ্ছে। এই ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে নতুন করে আলোচনা শুরু হয়েছেড়বিএনপির অভ্যন্তরীণ অবস্থা আদতে কতটা সুসংগঠিত এবং ভবিষ্যৎ রাজনৈতিক গতিপথ কোনদিকে? বিএনপির শীর্ষস্থানীয় নেতারা এই ঘটনাকে একটি পরিকল্পিত রাজনৈতিক ষড়যন্ত্র হিসেবে দেখছেন। দলটির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, "একটি বিশেষ রাজনৈতিক দল বিএনপির বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। তারা জানে নির্বাচন হলে বিএনপি ক্ষমতায় আসবে। এ কারণেই তারেক রহমানকে টার্গেট করে বদনাম ছড়ানো হচ্ছে।" অন্যদিকে দলের যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স এ ঘটনাকে 'মেটিকুলাস ডিজাইনের অংশ' বলে অভিহিত করে বলেন, "সংঘাত উস্কে দিয়ে নির্বাচন পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র চলছে। আমরা ফাঁদে পা দেবো



# তিস্তা মহাপরিকল্পনা এ বছরের শেষেই চূড়ান্ত হবে- রিজওয়ানা হাসান

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তীকালীন সরকারের পানি সম্পদ ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, বহুল আলোচিত তিস্তা মহাপরিকল্পনা ২০২৫ সালের শেষ নাগাদ চূড়ান্ত হবে। প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মাঠপর্যায়ের সব কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে বলেও জানান তিনি। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে



# নির্বাচন পেছানোর ষড়যন্ত্র চলছে-ডাঃ জাহিদ

সূর্যোদয় প্রতিবেদন

আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটিয়ে আগামী নির্বাচন পেছানোর ষড়যন্ত্র চলছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ডাঃ এজেডএম জাহিদ হোসেন। মঙ্গলবার সকালে রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন প্রাঙ্গনে ২১ জুলাই পেশাজীবীদের সম্মেলনের স্থান পরিদর্শনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ডাঃ জাহিদ বলেন, "এটা এখন স্পষ্ট একটি ষড়যন্ত্র চলছে। যদি আইনশৃঙ্খলার অবনতি ঘটানো যায়,

# তাইজুল ইসলাম টেস্ট অধিনায়কত্বে আগ্রহী: 'দায়িত্ব নেয়ার জন্য প্রস্তুত'

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশ টেস্ট দলের অধিনায়কত্ব নিয়ে অনিশ্চয়তার মধ্যে নিজের নাম সরাসরি আলোচনায় এনেছেন বাঁহাতি স্পিনার তাইজুল ইসলাম। দেশের দ্বিতীয় সর্বোচ্চ টেস্ট উইকেট শিকারি এই ক্রিকেটার স্পষ্টভাবে জানিয়েছেন, অধিনায়কত্বের দায়িত্ব পেলে তিনি সেটি নিতে প্রস্তুত আছেন। সম্প্রতি ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ক্রিকবাজকে দেয়া সাক্ষাৎকারে তাইজুল বলেন, "আমি মনে করি, অধিনায়ককে সুযোগ দেওয়া জরুরি এবং তার কথা মূল্যায়ন করা উচিত। আমি মনে করি না যে আমি এটা (অধিনায়কত্ব) করতে পারব না। এটা লোভের বিষয় নয়, দায়িত্বের ব্যাপার। সুযোগ এলে অবশ্যই নিতে প্রস্তুত।" ২০১৪ সাল থেকে বাংলাদেশ জাতীয় দলে নিয়মিত খেলছেন তাইজুল। দেশের হয়ে দ্বিতীয় সর্বোচ্চ টেস্ট উইকেটও তার দখলে থাকায় অভিজ্ঞতার কারণে

## রাশিয়া-উত্তর কোরিয়া সরাসরি ফ্লাইট চালু: ২৭ জুলাই থেকে প্রতি মাসে চলবে বিমান

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া ও উত্তর কোরিয়ার রাজধানীর মধ্যে প্রথমবারের মতো সরাসরি বিমান যোগাযোগ চালু হতে যাচ্ছে। আগামী ২৭ জুলাই থেকে রাশিয়ার রাজধানী মস্কো এবং উত্তর কোরিয়ার রাজধানী পিয়ংইয়ং রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা শুরু করবে নর্ডউইন্ড এয়ারলাইন্স। সোমবার (১৪ জুলাই) তুর্কি বার্তা সংস্থা আনাদোলু এজেন্সি এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। রাশিয়ার পরিবহন মন্ত্রণালয় সূত্রে জানা যায়, রোসাভিয়াতসিয়া সম্প্রতি দুই দেশের মধ্যে বিমান চলাচলের অনুমোদন দেয়ার পরই এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে। মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, "এই প্রথমবারের মতো রাশিয়া ও উত্তর কোরিয়ার

# ইউক্রেনে অস্ত্র পাঠানোর ঘোষণা, রাশিয়ার বিরুদ্ধে 'শক্ত' শুল্কের বার্তা

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেনকে আরও আধুনিক সামরিক সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছেন। একইসঙ্গে, রাশিয়ার বিরুদ্ধে নজিরবিহীন 'সেকেন্ডারি ট্যারিফ' আরোপের হুমকি দিয়ে বলেছেনড়আগামী ৫০ দিনের মধ্যে যদি শান্তিচুক্তি না হয়, তাহলে রাশিয়াসহ রাশিয়ার সঙ্গে ব্যবসা করা দেশগুলোকে কঠিন মূল্য দিতে হবে।

সোমবার (১৪ জুলাই) হোয়াইট হাউসে ন্যাটোর মহাসচিব মার্ক রুটের সঙ্গে বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান ট্রাম্প। খবর আল জাজিরার। সংবাদ সম্মেলনে ডোনাল্ড ট্রাম্প বলেন, "আমরা অত্যাধুনিক অস্ত্র তৈরি করছি যা সরাসরি ন্যাটো ও ইউক্রেনকে সরবরাহ করা হবে। এই অস্ত্রগুলোর মধ্যে থাকবে প্যাট্রিয়ট এয়ার ডিফেন্স সিস্টেম এবং আরও অনেক উচ্চক্ষমতাসম্পন্ন সামরিক সরঞ্জাম, যা ইউক্রেন অত্যন্ত জরুরিভাবে চেয়েছে।" ট্রাম্পের দাবি, এ সহায়তা ইউক্রেনের প্রতিরক্ষা সক্ষমতাকে "উল্লেখযোগ্যভাবে শক্তিশালী" করবে এবং ইউরোপে রাশিয়ার আগ্রাসন মোকাবিলায় একটি "গেম-চেঞ্জার" প্রমাণিত হবে। রাশিয়ার প্রতি তীব্র অসন্তোষ

## শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,





ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

# ফেসবুক হ্যাকিং থেকে বাঁচতে ৭টি কার্যকর উপায়

সূর্যোদয় প্রতিবেদন




আজকের যুগে ফেসবুক কেবল সামাজিক যোগাযোগের মাধ্যম নয়, বরং আমাদের জীবনের গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। ব্যক্তিগত ছবি, বার্তা, পেমেন্ট ইনফো, এমনকি ব্যবসায়িক কার্যক্রমড়সবই এখন ফেসবুক অ্যাকাউন্টের সঙ্গে জড়িত। তাই অ্যাকাউন্ট হ্যাক হয়ে গেলে শুধু যোগাযোগ নয়, আমাদের ব্যক্তিগত নিরাপত্তাও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অনেকে সাধারণ সতর্কতা মানলেও, কিছু অজানা বা অবহেলিত বিষয় আছে, যেগুলো অনুসরণ করলে ফেসবুক হ্যাকিং থেকে অনেকটাই নিরাপদ থাকা যায়। নিচে তেমনই সাতটি উপায় তুলে ধরা হলো:

১. ভুয়া ওয়েবসাইটে লগইন নয় : হ্যাকাররা প্রায়ই ফেসবুকের মতো দেখতে ভুয়া ওয়েবসাইট তৈরি করে। এসব সাইটে ইউজারনেম ও পাসওয়ার্ড দিলে তা সরাসরি চলে যায় হ্যাকারদের হাতে। তাই যেকোনো লিংকে ক্লিক করার আগে ওয়েবসাইটের টজখ ভালোভাবে যাচাই করুন। সন্দেহজনক হলে লগইন করবেন না।

২. শক্তিশালী ও আলাদা পাসওয়ার্ড ব্যবহার করুন: একই পাসওয়ার্ড একাধিক অ্যাকাউন্টে ব্যবহার করলে একটি হ্যাক হলেই অন্যগুলো ঝুঁকিতে পড়ে। প্রতিটি অ্যাকাউন্টে আলাদা, জটিল পাসওয়ার্ড রাখুন। পাসওয়ার্ডে বড় হাতের অক্ষর, ছোট

## মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ১৬ জুলাই ২০২৫ ইং

## জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ: ইতিহাস সংরক্ষণে একটি সময়োপযোগী পদক্ষেপ

মেহেরপুরের কলেজ মোড়ে 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ' নির্মাণের উদ্যোগ নিঃসন্দেহে একটি প্রশংসনীয় ও সময়োপযোগী পদক্ষেপ। এই স্তম্ভ শুধু একটি স্থাপনা নয়, এটি আমাদের ইতিহাসের জীবন্ত দলিল, যা জাতির আত্মত্যাগের গল্প বলে যাবে প্রজন্ম থেকে প্রজন্মে।

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এক অনন্য অধ্যায়। তবে তার প্রতিটি ক্ষণ, প্রতিটি রক্তস্নাত মুহূর্ত যদি প্রামাণ্যভাবে সংরক্ষিত না হয়। তাহলে আমাদের ইতিহাসের ধারাবাহিকতা ব্যাহত হতে বাধ্য। মেহেরপুর সেই ঐতিহাসিক স্থান, যেখানে ১৯৭১ সালে বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ গ্রহণ করেছিল। অথচ সেই ইতিহাসের অংশবিশেষ এখনও অনেকের কাছে অস্পষ্ট। এমন প্রেক্ষাপটে 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ' নির্মাণ শুধুমাত্র শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন নয়, এটি আগামী প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনাকে জীবন্ত করে তোলার একটি সেতুবন্ধ। আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন সময় রাজনৈতিক অস্থিরতা কিংবা ভুল দিকনির্দেশনার কারণে আমাদের ইতিহাস বিকৃত হয়েছে, শহিদদের আত্মত্যাগকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। এই প্রেক্ষাপটে সরকারি উদ্যোগে একটি নিরপেক্ষ, ইতিহাসনির্ভর স্মৃতিস্তম্ভ নির্মাণ যেন একটি জবাব, অতীত ভুলে যাওয়ার নয়, বরং তাকে সম্মানের সঙ্গে ধারণ করার। তবে একটি বিষয় এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই স্মৃতিস্তম্ভ যেন কেবল একটি আনুষ্ঠানিক নির্মাণেই সীমাবদ্ধ না থাকে। বরং এর আশেপাশে মুক্তিযুদ্ধ ভিত্তিক তথ্যকেন্দ্র, শিক্ষার্থীদের জন্য ওয়ার্কশপ বা প্রদর্শনীর আয়োজন, এবং স্থানীয় পর্যায়ে গবেষণার সুযোগ সৃষ্টি করতে হবে। তাহলেই এই উদ্যোগ কার্যকর রূপ পাবে।একইসঙ্গে, স্মৃতিস্তম্ভ সংরক্ষণে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি। শুধুমাত্র সরকারি দায়িত্ব নয়, এ দায়িত্ব আমাদের সকলের। কারণ ইতিহাস কেবল পাথরে খোদাই করে টিকিয়ে রাখা যায় না, তাকে বাঁচিয়ে রাখতে হয় মনের ভেতর। আমরা আশা করি, মেহেরপুরে এই স্মৃতিস্তম্ভ দেশের অন্যান্য অঞ্চলের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত হবে। 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ' যেন শুধু নির্মিত না হয়, বরং হয়ে ওঠে জাতীয় চেতনার একটি অঙ্গন যেখানে দাঁড়িয়ে আমরা ইতিহাসকে স্মরণ করব, সম্মান করব এবং ভবিষ্যতের পথে সাহসিকতার সঙ্গে এগিয়ে যাব।

## 'মব' সাজাতেই মিটফোর্ড গেটে

মধ্যে মুখোমুখি উত্তেজনার পর মহিন ক্ষেপে যান। এরপরই মহিন, টিটন গাজী এবং তারেক রহমান রবিনড়এই ত্রয়ী মিলে পরিকল্পনা করে সোহাগকে চিরতরে সরিয়ে দেওয়ার। হত্যার উদ্দেশ্য ছিল কেবল শত্রুতা নয়, বরং এলাকায় 'একচেটিয়া কর্তৃত্ব' প্রতিষ্ঠা করা এবং প্রতিপক্ষদের মনে ভয় ঢুকিয়ে দেওয়া। নির্ধারিত দিনে, ৯ জুলাই বিকেল ৫টা ৫০ মিনিট। সাতটি মোটরসাইকেলে ১৯ জনের একটি দল প্রবেশ করে পুরান ঢাকার রজনী বোস লেনে। তাদের সঙ্গে ছিল মারধরের অস্ত্র এবং কনক্রিট জাতীয় ভারী বস্তু। সোহাগকে দোকান থেকে বের করে বেধড়ক মারধর করে তারা নিয়ে আসে মিটফোর্ডের ৩ নম্বর গেটের সামনে। সেখানে বারবার মাথায় ও শরীরে কনক্রিট দিয়ে আঘাত করে হত্যা করা হয়। পুলিশ জানায়, মহিন গ্রুপ চেয়েছিলড়এ ঘটনাকে জনতার হাতে 'মব লিঞ্চিং' বলে চালানো হোক। তাই মরদেহ রাস্তায় ফেলে উল্লাস করে হত্যাকারীরা। স্থানীয়দের উৎসাহিত করেছিল হামলায় অংশ নিতে। এক প্রত্যক্ষদর্শী অ্যাম্বুলেন্স চালক বলেন, "মহিন বারবার বলছিলড়ও বাঁচলে আমরা শেষ'। এরপর আশেপাশের অনেকেই হামলায় যোগ দেয়।" ডিবি সূত্র জানায়, অনেকেই জানত না হত্যার উদ্দেশ্য। ভাবছিল কেউ হয়তো চোর, তাই মারধর চলছে। এখন পর্যন্ত হত্যা ও অস্ত্র আইনে পৃথক দুটি মামলা হয়েছে। গ্রেপ্তার হয়েছে সাতজনড়মাহমুদুল হাসান মহিন, তারেক রহমান রবিন, টিটন গাজী, আলমগীর, লম্বা মনির, সজিব বেপারি ও রাজিব বেপারি। এর মধ্যে রবিন স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। পুলিশ জানায়, রবিন অস্ত্র সংগ্রহ করে 'ছোট মনির'-এর কাছ থেকে। পরিকল্পনা ছিল কাজ শেষে অস্ত্র ফেরত দেওয়ার, তবে তার আগেই গ্রেপ্তার হয় সে।

## মেহেরপুর সীমান্তে মাদকের রমরমা

বুড়িপোতা, সাহারবাটি, উজুলপুর, কাজীপুর, বাগোয়ান, শ্যামপুর-পিরোজপুর সীমান্ত দিয়ে মাদকের চালান আসে। রাতের আঁধারে স্থানীয় সিন্ডিকেট শহর ও গ্রামে ছড়িয়ে দেয় মাদক। বুড়িপোতা সীমান্তের বাসিন্দা সালাম বলেন, 'আমরা রাতে দরজা-জানালা বন্ধ করে থাকি। কিছু বুঝে ওঠার আগেই মাদক আসে, আবার অদৃশ্য হয়ে যায়।' সুধী মহল বলছে, বেকারত্ব, দারিদ্র্য ও সামাজিক অবক্ষয়ে স্কুল-কলেজের শিক্ষার্থী ও তরুণরা মাদকে জড়িয়ে পড়ছে। ফলে বাড়ছে অপরাধপ্রবণতা, অভিভাবকদের মধ্যে চলছে উদ্বেগ-উৎকণ্ঠা। সম্প্রতি গাংনীর চোখতোলার মাঠে সেনাবাহিনীর অভিযানে উদ্ধার হয় পিস্তল, পাঁচটি ককটেল ও ৪০ গ্রাম গাঁজা। গোরস্থানপাড়ায় অভিযান চালিয়ে রহমত বিন হাছেম (৫২) কে ইয়াবা ও হেরোইনসহ আটক করা হয়। মেহেরপুর শহরের মল্লিকপাড়া ও ওয়াদাপাড়ায় মা-ছেলে ও স্বামী-স্ত্রীসহ কয়েকজনকে ফেনসিডিল, নগদ টাকা ও বিক্রির সরঞ্জামসহ গ্রেপ্তার করা হয়। যুগিন্দা গ্রামের মিশনপাড়া থেকে এক কেজি গাঁজাসহ ধরা পড়ে জেমস প্রকাশ মণ্ডল। মেহেরপুর পুলিশ প্রশাসনের দাবি, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি কার্যকর রয়েছে। প্রতিদিনই অভিযান চালানো হচ্ছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শিরিন আক্তার বলেন, 'সীমান্ত এলাকায় সরাসরি পৌঁছানো কঠিন। মাদকের চ্যানেল দীর্ঘ হওয়ায় মূল হোতাদের ধরা প্রায় অসম্ভব।' অতিরিক্ত পুলিশ সুপার কামরুল হাসান বলেন, 'মূল হোতাদের ধরতে তথ্য ও গোয়েন্দা তৎপরতা আরও জোরদার করা হয়েছে।'

## মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের

বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। আজ মঙ্গলবার (১৫ জুলাই) বিকেলে জেলা বিএনপি কার্যালয় এর সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে পুনরায় দলীয় কার্যালয়ে এসে শেষ হয়। কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুল মোমিনের নেতৃত্বে মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজ হোসেন, যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, মোস্তাফিজুর রহমান সজিব, সদস্য ইলিয়াস হোসেন, ইকবাল হোসেন, রাকিবুল ইসলাম সজলসহ স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা।

## জুলাই গণঅভ্যুত্থান স্মরণে সম্মাননা


তারিক আজিজ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক শেখ মুস্তাক আলী, সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও বাংলা বিভাগের চেয়ারম্যান খেজমত আলী মালিথ্যা, জেলা পুলিশ সুপারের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান, আহত যোদ্ধা খন্দকার মুয়িজ উদ্দীন ও নাজমুল হক। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, ইসলামের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক কাউছার আলী, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের সিনিয়র লেকচারার রফিকুল আলম বকুল, আহত যোদ্ধা হাসনাত জামান, আল মেহেবুব ও ইব্রাহিম হোসেন। অনুষ্ঠানের শুরুতে আহত যোদ্ধাদের ফুল ও ক্রেস্ট দিয়ে সম্মাননা জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তার বক্তব্যে বলেন, "জুলাই বিপ্লব ছিল একটি বৈষম্যহীন রাষ্ট্র গঠনের স্বপ্ন। আমাদের লক্ষ্য হওয়া উচিত একটি ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা।" তিনি শিক্ষার্থীদের নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হয়ে এগিয়ে আসার আহ্বান জানান এবং শহীদদের রুহের মাগফিরাত ও আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। অনুষ্ঠান শেষে জুলাই গণঅভ্যুত্থান বিষয়ক একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

## মেহেরপুরে শিক্ষা, ক্রীড়া ও স্বাস্থ্য

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উজলপুর মাধ্যমিক বিদ্যালয়ের

# সূর্যের মতোই উজ্জ্বল হোক পথচলা

মুহাম্মদ রবীউল আলম



নব-আঙ্গিকে আত্মপ্রকাশ করা মেহেরপুরের নতুন সংবাদপত্র দৈনিক আমাদের সূর্যোদয়-কে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। একটি অঞ্চলের আত্মা হলো তার মানুষ, তার সংস্কৃতি, তার ইতিহাসড আর এই আত্মাকে প্রতিনিয়ত জাগিয়ে রাখে একটি সজাগ ও দায়িত্বশীল সংবাদমাধ্যম। দৈনিক আমাদের সূর্যোদয় সেই দায়িত্ব নিতে এসেছে, নতুন আশার আলো হয়ে। আমি মেহেরপুরের মানুষ হিসেবে এবং সংবাদপত্রে জগতের মানুষ হিসেবে নতুন আঙ্গিকে এই প্রকাশনাকে স্বাগত জানাই। পত্রিকাটির প্রকাশক ও সম্পাদক হলেন আবুল কাসেম আনুরাগী। তিনি গাংনীর শিক্ষা ও সাংস্কৃতিক অঙ্গনে বিশিষ্ট ব্যক্তিত্ব এবং গাংনীর সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজের পরিচালক। পত্রিকাটি ইতিপূর্বে গাংনী থেকে নিয়মিত প্রকাশ হয়ে এসেছে। এখন নতুনভাবে মাহবুবুল হক পোলেন ভারপ্রাপ্ত সম্পাদকের দায়িত্ব নিয়ে পত্রিকা প্রকাশ করছেন। আমরা আশা করবো পত্রিকাটি নিয়মিত প্রকাশিত হোক এবং দীর্ঘকাল বেঁচে থাক।মেহেরপুর বাংলাদেশের ইতিহাসে একটি গৌরবময় নাম। এখানেই ১৯৭১ সালের ১৭ এপ্রিল বৈদ্যনাথতলায় (বর্তমান মুজিবনগর) গঠিত হয়েছিল বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার। আমাদের গর্বের সেই মুজিবনগর আজও সাক্ষ্য দেয় জাতির স্বাধীনতা সংগ্রামের সূচনা লগ্নের। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, গণতান্ত্রিক আন্দোলন সব কিছুরই নিঃশব্দ, কিন্তু দৃঢ় অংশীদার মেহেরপুর।

এই জেলার মাটিতে যেমন ফোটে লিচু, আম, তেমনি ফোটে প্রতিভা, সাহস ও সত্য। মেহেরপুরের সাংবাদিকতাও এর ব্যতিক্রম নয়। দৈনিক আমাদের সূর্যোদয় এক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবে আশা করি। পত্রিকাটির নিউজ,মেকাপ ও ফিচারগুলো সুন্দর। এর আগে মেহেরপুরে নিয়মিত কোনো পত্রিকা কখনও ছিল না। অতীতে যেগুলো প্রকাশ হয়েছে, সেগুলো হঠাৎ হঠাৎ এবং তা বন্ধও হয়েছে হঠাৎ হঠাৎ। সুবর্ণ অতীত থাকা সত্ত্বেও সাংবাদিকতা ও পত্র-পত্রিকা জগতে আমরা বেশ এগিয়ে যেতে পারি নি। তবে এক্ষেত্রে আমরা একেবারে পিছিয়ে, তা নয়। মেহেরপুর থেকে এক সময় প্রকাশিত হয়েছে 'আর্যরা','ইসলাম প্রচারক',' সোলতান', মাসিক 'সাধক', মাসিক 'পল্লি শ্রী', পাক্ষিক 'সীমান্ত'- এর মতো পত্রিকা। গত সত্তর দশকে বুলেটিন 'প্রবাহ' সবার দৃষ্টি কেড়েছিল। পরবর্তীতে সাপ্তাহিক পরিচয়, দৈনিক আযম, সাপ্তাহিক চুম্বক,সাপ্তাহিক মুজিবনগর, সাপ্তাহিক মেহেরপুর, দৈনিক মেহেরপুর, পাক্ষিক পশ্চিমাঞ্চল, দৈনিক মেহেরপুর প্রতিদিন প্রকাশ হয়। এছাড়া সাংস্কৃতিক সংগঠন মধুচক্রের কিছু স্মরণিকা, লিটল ম্যাগাজিন মাদল, ধারাপাত, ভৈরব সাহিত্য গোষ্ঠীর প্রকাশনা স্রোত, বিভিন্ন স্কুলকলেজের বার্ষিকী প্রভৃতি মেহেরপুরের সাহিত্য-সংস্কৃতির বিকাশে ভূমিকা রেখেছে।ব্রিটিশ আমলে মেহেরপুর থেকে যে সব পত্রিকা প্রকাশ হতো তার মধ্যে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামের রেওয়াজ উদ্দিন আহমেদের সম্পাদনায় ১২৯৮ বঙ্গাব্দে 'ইসলাম প্রচারক' । এ ১৩১২ বঙ্গাব্দে তাঁরই সম্পাদনায় 'সোলতান' পত্রিকা প্রকাশিত হয়। ১৩২০ সাল থেকে 'সাধক' নামে উন্নতমানের একটি মাসিক পত্রিকা প্রকাশিত হয়। এ পত্রিকার সম্পাদক ছিলেন- সতীশ চন্দ্রবিশ্বাস এবং প্রকাশক ছিলেন- অবিনাশ চন্দ্র বিশ্বাস। 'পল্লি শ্রী' নামে একটি মাসিক পত্রিকা ১৩৪২ বঙ্গাব্দের শেষের দিকে প্রথম প্রকাশিত হয়ে কখনও নিয়মিত কখনও অনিয়মিতভাবে। বিখ্যাত লেখক সাহিত্যিক ও সাংবাদিক দীনেন্দ্রকুমার রায়ের বাড়ি মেহেরপুর শহরে। তিনি কলকাতা থেকে প্রকাশিত বিখ্যাত বসুমতী পত্রিকার সম্পাদক ছিলেন। তাঁর রহস্য লহরি সিরিজে প্রকাশিত উপন্যাসের সংখ্যা ২১৭টি। মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের নিগামানন্দ আশ্রম থেকে গত শতাব্দীর প্রথমার্ধে প্রকাশিত হয় মাসিক আর্য্য-দর্পণ। ১৯৬২ সালে মেহেরপুর থানা কাউন্সিলের উদ্যোগে সীমান্ত নামে একটি পাক্ষিক পত্রিকা প্রকাশিত হয়। ১৯৭৯ সালের ১৩ই মার্চ মেহেরপুর থেকে 'প্রবাহ'নামে সাহিত্য, সংস্কৃতি ও ইতিহাস বিষয়ক বুলেটিনের প্রথম সংখ্যা প্রকাশিত হয়। প্রবাহের সম্পাদক মো. নাসিরউদ্দিন মীরু। বুলেটিনটি মেহেরপুরের খুবই সমাদৃত হয়েছিল। এই পত্রিকায় শিশুদের একটি বিভাগ ছিল,সেটি দেখাশুনা আমি করতাম। ১৯৭৯ সালে মেহেরপুর বড়বাজার থেকে তারিক-উল ইসলামের সম্পাদনায় প্রকাশ হয় লিটল ম্যাগাজিন 'মাদল'। মেহেরপুরের সমস্যা শুধুমাত্র প্রশাসনের একক দায়িত্ব নয়, মিডিয়া-সহ সব শ্রেণি-পেশার মানুষকে সম্মিলিতভাবে এগিয়ে আসতে হবে। দৈনিক আমাদের সূর্যোদয় নব-আঙ্গিকে গত ২৬ জুন থেকে প্রকাশিত হচ্ছে। পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে দায়িত্বে রয়েছে আমার অত্যন্ত প্রিয় মানুষ ছোট ভাই সাংবাদিক মাহবুবুল হক পোলেন। সে কাজে ওস্তাদ এবং সাহসী। সে মেহেরপুর প্রতিদিনের প্রতিষ্ঠাতা সম্পাদক ছিল। সে নব আঙ্গিকে শুরুতেই তার কলামে লিখেছে, 'কথা দিচ্ছি, আমাদের সূর্যোদয় আপনাদের কথা বলবে। সব অন্যায় ও অসংগতির বিরুদ্ধে থাকবে বলিষ্ঠ অবস্থানে।' তার এই বক্তব্য পড়ে ভালো লেগেছে। এগিয়ে যাও ভাই, তোমরা পারবে। আমরা বিশ্বাস করি, দৈনিক আমাদের সূর্যোদয় শুধু সংবাদ পরিবেশনের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, বরং এ অঞ্চলের উন্নয়ন, স্বচ্ছতা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় একজন সত্যিকারের সমাজ-সচেতন পথপ্রদর্শকের ভূমিকা পালন করবে।আমরা প্রত্যাশা করি, এই পত্রিকা হয়ে উঠবে মেহেরপুরবাসীর কণ্ঠস্বর, আশার আলো, এবং সত্যের দিশারি। শুভ কামনা দৈনিক আমাদের সূর্যোদয়। সূর্যের মতোই উজ্জ্বল হোক তোমাদের পথচলা।

(লেখক: সাংবাদিক-ভারপ্রাপ্ত সম্পাদক, সাপ্তাহিক মুক্তিবাণী)

# ফজরের আলোয় আলোকিত হোক জীবন

আবদুল্লাহ আলমামুন আশরাফী

নতুন একটি দিনের শুরু হয় ফজরের আলো দিয়ে। সেই আলো কেবল সূর্যের নয়, বরং আত্মার এক অনন্য জাগরণ। ইসলাম সেই জাগরণকে নাম দিয়েছেড়ফজরের নামাজ। এটা শুধু সময়ের একটি ইবাদত নয়, বরং বিশ্বাস, আস্থার একটি স্তম্ভ। যারা এই নামাজে শরিক হয়, তারা আল্লাহর আশ্রয়ে আশ্রিত হয়। একথা স্বয়ং রাসুল (সা.) বলেছেন, "যে ব্যক্তি ফজরের নামাজ আদায় করে, সে আল্লাহর জিম্মায় চলে যায়" (সহিহ মুসলিম: ৬৫৭)। আমাদের জীবনে নিরাপত্তাহীনতা, অনিশ্চয়তা ও আতঙ্ক এখন নিত্যসঙ্গী। কিন্তু একজন মুমিন জানে, প্রকৃত নিরাপত্তা আসে তখনই যখন সে নিজেকে সঁপে দেয় তার স্রষ্টার হাতে। ফজরের নামাজ সেই আত্মসমর্পণের এক পবিত্র সূচনা। ফজরের নামাজে যে দাঁড়ায়, সে যেন পুরো দিনটিকে আল্লাহর সান্নিধ্যে শুরু করে। পবিত্র কুরআনে আল্লাহ তাআলা বলেন, "শপথ ফজরের।" (সূরা ফজর: ১) সূরার নামই যেখানে "ফজর", সেখানে এ নামাজের গুরুত্ব নিয়ে আর প্রশ্ন থাকে না। ফজরের নামাজ শুধু দুনিয়ার নিরাপত্তা নয়, আখিরাতের মুক্তির নিশ্চয়তাও দেয়। রাসুল (সা.) বলেন, "যে ব্যক্তি ফজরের নামাজ আদায় করবে, সে জান্নাতে প্রবেশ করবে" (বুখারি: ৫৭৪)। এ হাদিসগুলো কেবল ধর্মীয় অনুপ্রেরণার বাণী নয় এগুলো জীবনের দিকনির্দেশনা। আজ যখন সমাজে নৈতিক অবক্ষয়, অবিশ্বাস আর অস্থিরতা বাড়ছে, তখন প্রয়োজন এমন একটি চর্চা, যা মানুষকে আবার তার মূল বিশ্বাসে ফিরিয়ে আনবে। ফজরের নামাজ সেই অনুশীলন, যা দিনের শুরুতেই মানুষকে আল্লাহর সামনে দাঁড় করায় সম্মান, শান্তি আর দায়িত্ববোধের সঙ্গে। হাদিসে এসেছে, "যে ব্যক্তি জামাতে ফজরের নামাজ আদায় করে, সে সারারাত নফল নামাজ পড়ার সওয়াব পায়" (মুসলিম: ৬৫৬)। এমন সওয়াব, এমন নিয়ামত কেবল সেই মানুষই লাভ করে, যে আলস্যকে জয় করে এবং হৃদয়ে ঈমানের আলো ধারণ করে। ফজরের সময় ঘুমের স্বাদ হয়তো বেশি, কিন্তু ঈমানদার জানে এই সময়টুকুর ঘুম ভেঙে নামাজ আদায় করাই তার বড় বিজয়। আসুন, আমরা সবাই আলোর এই নামাজকে জীবনের অপরিহার্য আমল হিসেবে গ্রহণ করি। আমাদের পরিবার, সমাজ, রাষ্ট্রড় সবকিছুই আলোকিত হবে যদি ফজরের নামাজ দিয়ে আমাদের প্রতিটি সকাল শুরু হয়। যারা আজো এ নামাজে উদাসীন, তারা যেন এই আলোয় ফিরে আসেন। কারণ ফজরের নামাজ শুধু আখিরাতের দরজা খুলে দেয় না, বরং এই দুনিয়াকেও করে মঙ্গলের ভূখণ্ড।

প্রধান শিক্ষক মোছাঃ উম্মে আছমা বিশ্বাস। অনুষ্ঠানে যুব ফোরামের সদস্য, উভয় বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শেষে শিক্ষার্থীদের হাতে শিক্ষা সামগ্রী, খেলাধুলার সরঞ্জাম এবং স্বাস্থ্যবিষয়ক উপকরণ তুলে দেওয়া হয়। এই উদ্যোগে শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক বিকাশের পাশাপাশি স্বাস্থ্য সচেতনতাও বাড়বে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

## আতিফ তাহশিন এসএসসিতে

মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের গর্বিত মুখ

এসেছে। শৈশব থেকেই পড়ালেখায় আগ্রহী আতিফ জানায়, "এই অর্জন একার নয়। বাবা-মায়ের ভালোবাসা, শিক্ষকদের পরিশ্রম এবং নিজের ইচ্ছাশক্তিই আমাকে এই পর্যন্ত এনেছে।" তার চোখে ভবিষ্যতের স্বপ্ন একজন দক্ষ ইঞ্জিনিয়ার হয়ে দেশের প্রযুক্তিগত উন্নয়নে ভূমিকা রাখা।

আতিফ বলেন,"আমি চাই একজন ভালো মানুষ হতে, এবং এমন কিছু করতে চাই যাতে দেশের মানুষের উপকার হয়। প্রযুক্তি দিয়ে দেশের পরিবর্তনে ভূমিকা রাখতে চাই,"ড়বলছিল আতিফ। স্কুলের শিক্ষকরা আতিফকে চিহ্নিত করেন একজন বিনয়ী, মনোযোগী ও দায়িত্বশীল শিক্ষার্থী হিসেবে। ক্লাসে ছিল নিয়মিত, সহপাঠীদের সঙ্গে সম্পর্ক ছিল সৌহার্দ্যপূর্ণ। স্থানীয় শিক্ষাবিদরা বলছেন, আতিফের এই অর্জন নিঃসন্দেহে জেলার অন্যান্য শিক্ষার্থীদের মধ্যে নতুন আশার আলো জ্বালাবে। সে হয়ে উঠেছে মেহেরপুরের শিক্ষাঙ্গনে এক উজ্জ্বল মুখ।

## সব বোয়িং বিমানের জ্বালানি সুইচ

এয়ারলাইন্সকে। গত ১২ জুন, দিল্লি থেকে লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার ফ্লাইট ১৭১ একটি বোয়িং ৭৮৭ ড্রিমলাইনারড়উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই ইঞ্জিন বন্ধ হয়ে পড়ে। মুহূর্তেই বিধ্বস্ত হয় বিমানটি। নিহত হন সব যাত্রী ও ক্রু মিলিয়ে ২৬০ জন। এই দুর্ঘটনা ইতোমধ্যে চিহ্নিত হয়েছে গত এক দশকের মধ্যে সবচেয়ে প্রাণঘাতী বিমান দুর্ঘটনাগুলোর একটি হিসেবে। ভারতের এয়ারক্রাফট অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন ব্যুরো (এএআইবি)-এর প্রাথমিক তদন্ত রিপোর্টে দেখা গেছে, ফ্লাইটের ককপিট ভয়েস রেকর্ডারে একজন পাইলটকে বলতে শোনা গেছে "তুমি কেন সুইচ বন্ধ করে দিলে?" উত্তরে আরেকজন বলেন "আমি করিনি।" বিশ্লেষকদের মতে, এই সংলাপ থেকে ইঙ্গিত মেলে বোয়িং বিমানের জ্বালানি সুইচ অনিচ্ছাকৃতভাবে বা ভুলবশত বন্ধ হয়ে গিয়েছিল, যা সরাসরি ইঞ্জিন বন্ধ হয়ে যাওয়ার কারণ হয়ে দাঁড়ায়। এফএএ (যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন) ২০১৮ সালেই একটি অ্যাডভাইজরিতে বলেছিল, বোয়িং অপারেটরদের উচিত জ্বালানি সুইচের লকিং সিস্টেম নিয়মিত পরীক্ষা করে নিশ্চিত হওয়া, যেন ভুলক্রমেও সুইচ নাড়ানো না যায়। তবে সেটা ছিল ঐচ্ছিক। সেই সুযোগেই এয়ার ইন্ডিয়াসহ বহু এয়ারলাইন্স পরীক্ষাটি করেনি। এই প্রেক্ষাপটে এবার ভারতের ডিজিসিএ সেই পরীক্ষা বাধ্যতামূলক ঘোষণা করেছে। "নির্ধারিত সময়সীমার মধ্যে পরীক্ষা না করলে এয়ারলাইন্সগুলোর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।" ইন্ডিয়ান কমার্শিয়াল পাইলটস অ্যাসোসিয়েশন (আইসিপিএ) এই দুর্ঘটনায় পাইলটদের দোষারোপের প্রবণতা নিয়ে প্রশ্ন তুলেছে। তাদের দাবি, "পাইলটরা তাদের ট্রেনিং অনুযায়ী কাজ করেছেন। অনুমানভিত্তিক তথ্য দিয়ে তাদের দায়ী করা অনুচিত।" ঘটনার গুরুত্ব অনুধাবন করে, দক্ষিণ কোরিয়া-ও তাদের বোয়িং পরিচালনাকারী এয়ারলাইন্সগুলোকে একই নির্দেশনা জারির প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছে রয়টার্স। বোয়িং ও মার্কিন কর্তৃপক্ষ এখনও পর্যন্ত জ্বালানি সুইচে বড় কোনো ত্রুটি স্বীকার করেনি। এফএএ এক বিবৃতিতে বলেছে "আমাদের অনুসন্ধানে বোয়িং বিমানের জ্বালানি সুইচগুলো নিরাপদ। তবে কোনো অপারেটর চাইলে লকিং সিস্টেম পরীক্ষা করে দেখতে পারে।" এই দুর্ঘটনা নিয়ে এখনো তদন্ত চলছে। তবে প্রশ্ন একটাই এত বড় একটি কোম্পানি, এত অত্যাধুনিক প্রযুক্তি তার পরেও কেন এমন একটি মৌলিক বিষয় (সুইচ লকিং) উপেক্ষিত রইল? আর সেই উপেক্ষার খেসারত কি ২৬০টি প্রাণ?

## সাংবাদিকদের উপর হামলা ইবিতে

একইসাথে তারা ঘটনার দ্রুত ও নিরপেক্ষ তদন্তের পাশাপাশি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। গত ১২ জুলাই অর্থনীতি বিভাগের কয়েকজন শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রমাধ্যমে কর্মরত শিক্ষার্থী সাংবাদিকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এরপর ১৬ জুলাই বিশ্ববিদ্যালয় প্রশাসনের জারি করা অফিস আদেশে জানানো হয়, ঘটনাটি তদন্তে ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ১০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। তবে কমিটির আহ্বায়ক ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান জানান, তিনি বর্তমানে 'হিট প্রকল্প'-এর কাজে ঢাকায় অবস্থান করছেন এবং অফিস আদেশটি এখনো হাতে পাননি। তিনি ১৬ জুলাই ক্যাম্পাসে ফিরবেন বলে জানান।

বিশ্ববিদ্যালয়ের একাধিক সাংবাদিক শিক্ষার্থী অভিযোগ করেন, ঘটনাটি পরিকল্পিতভাবে ঘটানো হয়েছে এবং এতে জড়িতদের নাম জানা সত্ত্বেও এখনো প্রশাসনের পক্ষ থেকে দৃশ্যমান কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। একজন বলেন, "শুধু তদন্ত কমিটি গঠন করলেই হবে না, আমাদের নিরাপত্তার বিষয়টিও নিশ্চিত করতে হবে।" বিশ্ববিদ্যালয়ের এক সিনিয়র শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে বলেন, "কমিটিতে অনেক সম্মানিত শিক্ষক রয়েছেন। আশা করি তারা নিরপেক্ষভাবে তদন্ত করবেন। তবে অতীতে দেখা গেছে অনেক সময় তদন্ত প্রতিবেদন আলোর মুখ দেখেনি। এবার যেন তা না হয়।" বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক বলেন, "ঘটনার গুরুত্ব অনুধাবন করেই দ্রুত কমিটি গঠন করা হয়েছে। কমিটির রিপোর্টের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।"

## ৩০-এর নিচে অলআউট লজ্জাজনক -

থেকে আমরা কিছুই শিখছি না।" ২৭ রানে অলআউট হওয়ার বিষয়ে চেজ বলেন, "৩০ রানের নিচে অলআউট হওয়া অবশ্যই খুব লজ্জাজনক। তবে আমি মনে করি উইকেট খুব কঠিন ছিল। আমি বলব না এটা পুরোপুরি বোলারদের সহায়ক ছিল, কিন্তু ব্যাটিং করা সত্যিই কঠিন ছিল। এটা সম্ভবত আমার খেলা প্রথম সিরিজ, যেখানে দুই দলের কেউই সেঞ্চুরি করতে পারেনি।" ২০৪ রানের লক্ষ্য পাওয়া সত্ত্বেও এমন ব্যাটিং বিপর্যয় নিয়ে চেজ জানান, ম্যাচ জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী ছিলেন তারা। তার ভাষ্য, "আমি মনে করেছিলাম লক্ষ্যটা বাস্তবসম্মত। উইকেট তখনো ভালো মনে হচ্ছিল, ব্যাটিং করার উপযোগী। আগের দুই ম্যাচের মতো বল নিচু হয়ে আসছিল না বা অসম বাউন্স ছিল না। কিন্তু শুরুতেই যদি স্কোর হয় ১১ রানে ৬ উইকেট, তাহলে সেখান থেকে ফিরে আসা অসম্ভব হয়ে যায়।" এই পরাজয়ে সিরিজে হোয়াইটওয়াশ হলো ওয়েস্ট ইন্ডিজ। ব্যাটিং ব্যর্থতা এবং আত্মবিশ্বাসের ঘাটতি নিয়ে সামনে কঠিন প্রশ্নের মুখোমুখি হচ্ছে ক্যারিবীয়রা।

## ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ

জাতীয় মৎস সপ্তাহ পালিত হবে। মঙ্গলবার (১৫ জুলাই) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল সভায় সভাপতিত্ব করেন। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বকুল চন্দ্র কবিরাজ, জেলা মৎস্য কর্মকর্তা ফরহাদুর রেজা উপস্থিত ছিলেন। এসময় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা সভায় অংশ নেন। সভায় জাতীয় মৎস্য সপ্তাহ পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কর্মসূচির অংশ হিসেবে ২২ জুলাই জেলা প্রশাসকের কার্যালয় চত্ত্বর থেকে র‍্যালি অনুষ্ঠিত হবে। পরে নবগঙ্গা নদীতে মাছের পোনা অবমুক্ত করবেন অতিথিরা।

## জামায়াতের নির্বাচনী মতবিনিময় সভা

মাওলানা তাজউদ্দীন খান। তিনি বর্তমান রাজনৈতিক পরিস্থিতি এবং দেশের উন্নয়ন মূলক কর্মকাণ্ড নিয়ে বিস্তারিত আলোচনা করেন। মাওলানা তাজউদ্দীন খান দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, "আমাদের সংগ্রাম হবে দেশ ও ধর্মের জন্য। আসন্ন নির্বাচনে জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।" বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর সদর উপজেলার উপজেলা আমীর মাওলানা সোহেল রানা এবং উপজেলা সেক্রেটারি মোঃ জাব্বারুল ইসলাম। তারা নির্বাচনী প্রস্তুতি আরো জোরদার করার পাশাপাশি এলাকার সাধারণ মানুষের কল্যাণে কাজ করার গুরুত্ব তুলে ধরেন। উপস্থিত নেতাকর্মীরা নিজেদের মধ্যে মতবিনিময় করে আগামী নির্বাচনে শক্তিশালী প্রচারণার জন্য পরিকল্পনা গ্রহণ করেন। এছাড়া দলের আদর্শ ও লক্ষ্য বাস্তবায়নে সকল স্তরের কর্মীদের আরো একত্রিত হওয়ার আহ্বান জানানো হয়। সভায় ইউনিয়ন আমীর মোঃ মহসিন আলী সভাপতিত্ব করেন।

## ইয়েমেনে ভারতীয় নার্সের মৃত্যুদণ্ড

করেছেন। সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, রক্তমূল্য বা 'দিয়াহ' পরিশোধের মাধ্যমে মাহদি পরিবারের কাছ থেকে ক্ষমা চাওয়ার প্রক্রিয়া চলছে। কেরালার নার্স নিমিশা প্রিয়া ২০০৮ সালে চিকিৎসাসেবা দিতে যান ইয়েমেনে। পরিবারসহ কিছুদিন থাকার পর, স্বামী ও কন্যা দেশে ফিরে আসলেও তিনি রয়ে যান একটি ব্যক্তিগত ক্লিনিক চালু করার উদ্দেশ্যে। এ লক্ষ্য পূরণে স্থানীয় নাগরিক তালাল আব্দো মাহদির সঙ্গে ব্যবসায়িক অংশীদারিত্ব গড়েন। তবে শুরু থেকেই তাদের মধ্যে সম্পর্কের অবনতি হতে থাকে। প্রিয়ার পরিবারের দাবি অনুযায়ী, মাহদি তাকে জোর করে স্ত্রী হিসেবে পরিচয় দিতেন, পাসপোর্ট ও অর্থ আত্মসাৎ করেন, পুলিশ কিংবা প্রশাসন কোনো সুরাহা দেয়নি। ২০১৭ সালের জুলাইয়ে, পাসপোর্ট উদ্ধারের চেষ্টা চালাতে গিয়ে নিমিশা মাহদিকে ঘুমের ইনজেকশন দেন। অভিযোগ অনুযায়ী, ওষুধের অতিমাত্রায় মাহদির মৃত্যু হয়। পরে মরদেহ টুকরো করে পানির ট্যাংকে লুকিয়ে রাখেন এবং দেশ ছাড়ার চেষ্টা করলে বিমানবন্দরে তাকে গ্রেপ্তার করা হয়। ২০১৮ সালে ইয়েমেনের একটি আদালত নিমিশাকে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ডে দণ্ডিত করে। সেই রায় ২০২৩ সালে দেশটির সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল ও প্রেসিডেন্ট কর্তৃক বহাল রাখা হয়। বর্তমানে তিনি হুতি বিদ্রোহীদের নিয়ন্ত্রিত রাজধানী সানার একটি কারাগারে বন্দি রয়েছেন। সেখানে ভারতের কূটনৈতিক উপস্থিতি প্রায় নেই বললেই চলে, যার ফলে সমঝোতা ও আইনি সহায়তা জোগাড় করা অত্যন্ত দুরূহ হয়ে পড়েছে। ভারতের অ্যাটর্নি জেনারেল আর ভেঙ্কটরামানি সম্প্রতি দেশটির সুপ্রিম কোর্টকে জানিয়েছেন,"সরকারিভাবে যা যা করা সম্ভব, তা করা হয়েছে। এখন একমাত্র পথ মাহদি পরিবারের কাছে ক্ষমা প্রার্থনা ও রক্তমূল্য প্রদান।" এই ইসলামি আইন অনুযায়ী, ভুক্তভোগীর পরিবার আর্থিক ক্ষতিপূরণ গ্রহণ করলে মৃত্যুদণ্ড মওকুফ করা যায়। ভারত সরকারের পাশাপাশি নিমিশার পরিবার, মানবাধিকার সংস্থা ও কেরালার মুখ্যমন্ত্রী মাহদি পরিবারের সঙ্গে যোগাযোগ চালিয়ে যাচ্ছে। তারা আরও সময় চেয়েছে আলোচনার জন্য। ভারতীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, তীব্র কূটনৈতিক যোগাযোগ ও আলোচনার পর মাহদি পরিবার শর্তসাপেক্ষে মৃত্যুদণ্ড কার্যকরের সময়সীমা ২৪ ঘণ্টা পিছিয়ে দিতে রাজি হয়েছে।

## টানা বৃষ্টিতে ব্যস্ত ছাতার কারিগররা

হাটবাজার, বাসস্ট্যান্ড কিংবা ফুটপাত যেখানেই ছাতা মেরামতের ছোট দোকান রয়েছে, সেখানেই চলছে বিরামহীন কাজ। মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারের ছাতা কারিগর কাশেম শাহ বলেন, "বছরের এই সময়টাতেই বেশি কাজ হয়। প্রতিদিন গড়ে এক থেকে দেড় হাজার টাকার মতো আয় হয়। কিন্তু বর্ষা ছাড়া অন্য সময় তেমন কাজ থাকে না।" গাংনী স্ট্যান্ডের কারিগর শুকুর আলী জানান, "বৃষ্টি বাড়লে আয়ও বাড়ে। এখন দিনে ৭০০ থেকে ৮০০ টাকা পর্যন্ত আয় হচ্ছে। অন্য সময় এমন আয় হয় না।" বামন্দী বাজারের আরেক কারিগর শাহেদ আলী বলেন, "এখন সারাদিন এত কাজ থাকে যে কথা বলার সময়ও নেই। দিনে ৮০০ টাকা পর্যন্ত আয় হয়। এই সময়টাতেই মূলত সংসার চলে।" ছাতা মেরামত করতে আসা কার্পাসডাঙ্গার বাসিন্দা আতিয়ার রহমান বলেন, "ছেলেমেয়েরা স্কুলে যায়, কোচিং করে। বাতাসে ছাতার শিক ভেঙে গেছে। বৃষ্টির দিনে তো ছাতা ছাড়া উপায় নেই, তাই মেরামতে এনেছি।"শুধু গাংনী বা বামন্দী নয়, আশপাশের মেহেরপুর সদর, মুজিবনগর, কার্পাসডাঙ্গা এবং আরও অনেক এলাকার বাজারেও একই চিত্র দেখা যাচ্ছে। ছাতা মেরামতের দোকানগুলোতে বেড়েছে ভিড়। অনেক কারিগরই বছরের অন্য সময় কৃষিকাজ, দিনমজুরি কিংবা রিকশা চালানোর মতো পেশায় যুক্ত থাকেন। কিন্তু বর্ষা এলেই তাঁরা ফিরে আসেন পুরনো পেশায়ড় ছাতা মেরামতে। এক ধরনের মৌসুমি পেশা হিসেবেই ছাতা মেরামত এখন টিকে আছে। বছরের অন্য সময় কাজ না থাকলেও আষাঢ়-শ্রাবণেই মূলত আয় হয় বেশি। তবে শ্রম দিয়ে কাজ করলেও এসব কারিগর সমাজের মূলস্রোতের অর্থনীতিতে খুব একটা জায়গা করে নিতে পারেননি।

## মেহেরপুরে দুই মাদক কারবারিকে

রেজা এ রায় ঘোষণা করেন। রায়ের সময় দুই আসামিই আদালতে উপস্থিত ছিলেন। দণ্ডপ্রাপ্ত আবুল কালাম আজাদ মেহেরপুরের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের সুলতানা হকের ছেলে এবং মেহের আলী একই উপজেলার তেরাইল গ্রামের মোতাহার আলীর ছেলে। মামলার বিবরণ অনুযায়ী, ২০২২ সালের ৩ এপ্রিল সন্ধ্যায় গাংনী উপজেলার পলাশীপাড়া এলাকায় মোটরসাইকেলযোগে ফেনসিডিল পাচারের সময় বামন্দী পুলিশ ক্যাম্পের এএসআই শরিফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ টিম অভিযান চালিয়ে আসামিদের আটক করে। এই অভিযানে তাদের কাছ থেকে মোট ২৫০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়। পরে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। দীর্ঘ শুনানি ও সাক্ষ্যগ্রহণ শেষে আদালত আজ এই কঠোর শাস্তি ঘোষণা করেন। মামলাটি রাষ্ট্রপক্ষে পরিচালনা করেন পাবলিক প্রসিকিউটর (পিপি) এএসএম সাইদুর রাজ্জাক। আসামিপক্ষে ছিলেন আইনজীবী মীর আলমগীর, ইকবাল আলম ও আমানুল্লাহ আমান। মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের এ কঠোর রায় মাদক বিরোধী অবস্থানকে জোরদার করবে বলে মনে করা হচ্ছে।

## ইসির প্রাথমিক বাছাইয়ে ১৪৪টি

২০১৮ সালের ২০ এপ্রিল পর্যন্ত নিবন্ধনের জন্য আবেদন গ্রহণের সময়সীমা ছিল। পরে সময় বাড়িয়ে ২২ জুন পর্যন্ত করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে মোট ১৪৪টি দল ১৪৭টি আবেদন জমা দেয়। আইন অনুযায়ী, রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন পেতে হলে কেন্দ্রীয় কমিটি, দেশের অন্তত এক-তৃতীয়াংশ জেলায় ও ১০০টি উপজেলায় কার্যকর কমিটি থাকতে হয়। এছাড়া প্রতিটি কমিটির সঙ্গে কমপক্ষে ২০০ ভোটারের সমর্থনের প্রমাণ দিতে হয়। বর্তমানে দেশে নিবন্ধিত দলের সংখ্যা ৫১টি। ২০০৮ সাল থেকে নিবন্ধন প্রক্রিয়া শুরু হলেও বিভিন্ন কারণে পাঁচটি দলের নিবন্ধন বাতিল হয়েছে। সম্প্রতি জামায়াতে ইসলামী ও জাগপা দলের নিবন্ধন আদালতের আদেশে ফিরলেও ইসি শুধুমাত্র জামায়াতের নিবন্ধন ফিরিয়ে দিয়েছে।

## মুজিবনগরে পিস্তল ও গুলি উদ্ধার

সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে তিনি পালিয়ে যান। অভিযান শেষে একটি পিস্তল ও ৩৮ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, উদ্ধারকৃত অস্ত্র ও গুলি সেনাবাহিনীর পক্ষ থেকে থানায় হস্তান্তর করা হয়েছে। তিনি আরো জানান, পলাতক আসামিকে গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।